**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নকল্পে আয়োজিত প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন:**

গত ২৮/০৩/২০২৩ তারিখে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের রেজিস্ট্রার, জাতীয় শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের বিষয়বস্তু পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। তার উপস্থাপনায় নিম্নে উল্লিখিত বিষয়ে বিস্তারিতভাবে আলোকপাত করা হয়:

(১) শুদ্ধাচার এর ধারণা, (২) শুদ্ধাচার কৌশল প্রণয়নের প্রয়োজনীয়তা, (৩) শুদ্ধাচার প্রতিষ্ঠায় বিদ্যমান আইনি কাঠামো, (৪) জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন কৌশল, (৫) শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপ, (৬) ইনস্টিটিউটে শুদ্ধাচার বাস্তবায়নে অগ্রগতির বিবরণ, (৭) শুদ্ধাচার প্রতিষ্ঠায় চ্যালেঞ্জসমূহ, (৮) শুদ্ধাচার প্রতিষ্ঠায় স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী সুপারিশসমূহ।


প্রশিক্ষণের শেষ পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারীগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। জনাব শাহ্ মোঃ আলী হোসেন, একাউনটেন্ট জানান, শুদ্ধাচার প্রতিষ্ঠায় প্রাথমিক ধাপ হিসেবে সকলের সময় মতো অফিস আসা অব্যাহত রয়েছে। জনাব আবদুল কাইয়ুম, সহকারী পরিচালক(প্রশাসন) জানান, অফিসে পত্র প্রাপ্তি মাত্রই নথিতে উপস্থাপন করার বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তিগত ও সমষ্টিগত উদ্যোগ গ্রহণ, দুর্নীতিকে না বলা, ইনস্টিটিউটে শুদ্ধাচার প্রতিষ্ঠায় উদ্বুদ্ধকরণে পুরস্কার প্রদানের ব্যবস্থা প্রবর্তন ইত্যাদি বিষয়ে মতামত ব্যক্ত করেন। মহাপরিচালক উল্লেখ করেন, ব্যক্তি পর্যায়ে কর্তব্যনিষ্ঠা ও সততা প্রতিষ্ঠার মাধ্যমে প্রাতিষ্ঠানিক পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা সম্ভব। চিন্তা, কথা ও কার্যক্রমে দুর্নীতিকে না বলতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নামাংকিত এ প্রতিষ্ঠান স্বচ্ছতার সাথে পরিচালনায় সকলের সম্মিলিত উদ্যোগ প্রয়োজন। তিনি এ ইনস্টিটিউটে শুদ্ধাচার প্রতিষ্ঠা ও প্রতিষ্ঠানটিকে Centre of Excellence হিসেবে গড়ে তোলায় সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও উল্লেখ করেন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় জানুয়ারি ২০২৩ মাস হতে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচনের কার্যক্রম গৃহীত হচ্ছে। এতে কর্মচারীদের মধ্যে কর্মস্পৃহা বৃদ্ধি পেয়েছে। বাজেটে সংস্থান সাপেক্ষে বছর শেষে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের উদ্যোগ গৃহীত হবে মর্মে তিনি উল্লেখ করেন। পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে প্রশিক্ষণ কর্মশালার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্তি:
০১। প্রশিক্ষণ সংক্রান্ত প্রেজেন্টেশন- ০১ কপি।
০২। ছবি – ০৩ কপি।

০০/০৬/২০২৬

আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।
ফোন : ০২-২২৪৪২৬০৩০
ই-মেইল: dgshniyd@shniyd.gov.bd

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার আলোকচিত্র








# জাতীয় শুদ্ধাচার কৌশল শীর্ষক

# প্রশিক্ষণ

**আয়োজনে : শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট**

**তারিখ : ২৮ মার্চ ২০২৩**



fppt.com

# জাতীয় শুদ্ধাচার কৌশল
# (National Integrity Strategy)

**মোঃ রফিকুল ইসলাম**
**রেজিস্ট্রার**
**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট**

# জাতীয় শুদ্ধাচার কৌশলের পটভূমি

- জন্মলগ্ন থেকে বাংলাদেশ সরকার জনগণের কল্যাণ এবং রাষ্ট্রীয় কর্মকাণ্ডে উচ্চাদর্শ প্রতিষ্ঠায় নিবেদিত
- আমাদের স্বাধীনতার ঘোষণাপত্রে “জনগণের জন্য সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার নিশ্চিতকরণের” প্রত্যয় ব্যক্ত করা হয়েছে
- রূপকল্প ২০৪১: আগামী দুই দশকে ক্ষুধা ও দারিদ্র্য, বেকারত্বমুক্ত এবং উন্নত সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠা করা
- এ লক্ষ্য পূরণে সুশাসন ও ন্যায় বিচার প্রতিষ্ঠা তথা দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিপালন অপরিহার্য
- ৪র্থ শিল্প বিপ্লব। জীবনের প্রতিটি ক্ষেত্রে ইন্টারনেট ও তথ্য প্রযুক্তির ব্যবহার



fppt.com

# শুদ্ধাচারের ধারণা

- এ নীতি দলিলে শুদ্ধাচার হচ্ছেঃ

  - নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ ; এবং

  - কোন সমাজের কালোত্তীর্ণ মানদণ্ড, প্রথা ও নীতির প্রতি আনুগত্য;


- ব্যক্তি পর্যায়ে এর অর্থ হচ্ছে কর্তব্যনিষ্ঠা ও সততা;

- ব্যক্তির সমষ্টিতেই প্রতিষ্ঠান সৃষ্টি; প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচার অনুশীলন গুরুত্বপূর্ণ;

- সমন্বিত আকারে প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার অনুশীলনও জরুরি;



fppt.com


জাতীয় শুদ্ধাচার
কৌশল
জাতীয় শুদ্ধাচার কৌশল
হলো সরকারের একটি
নীতি। এর মাধ্যমে
সরকারি সেবা প্রদানে
দুর্নীতি রোধ ও শুদ্ধতার
চর্চা করা হয়।



fppt.com

# শুদ্ধাচার কৌশল প্রণয়নের প্রয়োজনীয়তা

- আর্থ-সামাজিক উন্নয়নের জন্য দুর্নীতি দমন ও সুশাসন প্রতিষ্ঠা গুরুত্বপূর্ণ;
- সুশাসন প্রতিষ্ঠায় প্রণীত আইন ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থার মধ্যে সামঞ্জস্য বিধান ও সমন্বিত উদ্যোগ গ্রহণ;
- বিস্তৃত অর্থনৈতিক ও সামাজিক কার্যক্রমের প্রেক্ষাপটে দুর্নীতির বিরুদ্ধে সরকারের বিভিন্নমুখী উদ্যোগের কার্যকর সমন্বয়;
- জাতিসংঘের দুর্নীতি বিরোধী কনভেনশন (UNCAC) অনুসারে দুর্নীতি প্রতিরোধে একটি সমন্বিত কৌশলপত্র প্রণয়ন;


fppt.com

# শুদ্ধাচারের লক্ষ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপ

- বাংলাদেশের সংবিধানের চেতনায় ন্যায়ভিত্তিক, শুদ্ধাচারী সমাজ প্রতিষ্ঠার নির্দেশনা

- সুদূর অতীত থেকে দুর্নীতি প্রতিরোধের বিধান বিদ্যমান, বর্তমানেও অব্যাহত। যথা,

১৮৬০-এর **Penal Code**

১৯৪৭-এর দুর্নীতি দমন আইন

২০০৪-এর পুনর্গঠিত দুর্নীতি দমন কমিশন

২০০৯-এর তথ্য অধিকার আইন

২০১১-এর  জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রদান (সুরক্ষা) আইন

২০১২-এর মানি লন্ডারিং প্রতিরোধ আইন



fppt.com

# রূপকল্প ও অভিলক্ষ্য

- **রূপকল্প (vision):**

  **সুখী-সমৃদ্ধ সোনার বাংলা**

- **অভিলক্ষ্য (mission):**

  **রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা**



fppt.com

# জাতীয় শুদ্ধাচার ব্যবস্থা

- ১০ টি রাষ্ট্রীয় ও ৬ টি অরাষ্ট্রীয় প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত;
- প্রতিষ্ঠানসমূহের প্রেক্ষাপট ও চ্যালেঞ্জ চিহ্নিতকরণ;
- শুদ্ধাচার নিশ্চিতকরণে প্রতিষ্ঠানসমূহের লক্ষ্য নির্ধারণ;
- লক্ষ্য অর্জনে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সুপারিশ সন্নিবেশ;
- সুপারিশ বাস্তবায়নে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;


fppt.com

# রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ

১) নির্বাহী বিভাগ ও জনপ্রশাসন
২) জাতীয় সংসদ
৩) বিচার বিভাগ
৪) নির্বাচন কমিশন
৫) অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
৬) সরকারি কর্ম কমিশন
৭) মহা হিসাব-নিয়ন্ত্রক ও নিরীক্ষকের কার্যালয়
৮) ন্যায়পাল
৯) দুর্নীতি দমন কমিশন
১০)স্থানীয় সরকার


fppt.com

# অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ

১) রাজনৈতিক দল
২) বেসরকারি খাতের শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান
৩) এনজিও ও সুশীল সমাজ
৪) পরিবার
৫) শিক্ষা প্রতিষ্ঠান
৬) গণমাধ্যম


fppt.com

# শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা

- শুদ্ধাচারের পরিসীমা নির্ধারণ, অগ্রাধিকার চিহ্নিতকরণ ও বাস্তবায়নের কর্মপন্থা নির্ধারণ ;
- চারটি অধ্যায়;
- মোট সুপারিশ ১০৩ টি;
- কর্মপরিকল্পনা ১১৩ টি; (স্বল্প মেয়াদে-৩৬ টি, মধ্য মেয়াদে-৩৫ টি, দীর্ঘ মেয়াদে -১৩ টি এবং চলমান ও অব্যাহতভাবে ২৭ টি; স্বল্প, মধ্য ও দীর্ঘ সকল মেয়াদে-০২টি);


fppt.com

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সুচক | সুচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/অর্জন | ১ম কোয়াটার | ২য় কোয়াটার | ৩য় কোয়াটার | ৪র্থ কোয়াটার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন** | সভা আয়োজিত | ১ | সংখ্যা | ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | ১ | ১ | - | - | ২ | ০.৫৫ | |
| **১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন** | বাস্তাবায়িত সিদ্ধান্ত | ৪ | % | ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | | | | | ১ | |
| **১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা** | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ফোকাল পয়েন্ট কর্মকর্তা | | লক্ষ্যমাত্রা | - | ১ | ১ | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন** | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | | | লক্ষ্যমাত্রা | | ১(৩০জন) | ১(৩০জন) | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **১.৫ কর্মপরিবেশ উন্নয়ন ( স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিএন্ডই ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)** | উন্নত কর্মপরিবেশ | ২ | সংখ্যা | সহকারী পরিচালক(প্রশাসন) | ২টি | লক্ষ্যমাত্রা | | ১৭/১০/২২ | ৩/১/২৩ | | | | |
| | | | | | | অর্জন | | ০১/১১/২২ | | | | ০.৭৫ | |
| **১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান** | | | | | | | | | | | | | প্রযোজ্য নয় |
| **২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | | | | | | | | | | | | | |
| **২.১ ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব এবং (উন্নয়ন বাজেটের)অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ** | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | সহকারী পরিচালক(অর্থ) | ৩০.০৭.২০২২ | লক্ষ্যমাত্রা | | | | | | | উন্নয়ন বাজেটে বরাদ্দ নাই |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ** | ক্রয় পরিকল্পনা | ২ | % | সহকারী | | লক্ষ্যমা | ২০% | ৪০% | ৬০% | ১০০% | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সুচক | সুচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | | | | | | | | | | | | | প্রযোজ নয় |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| ৩. শুদ্ধাচার সংশ্লিস্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | | | | | | | | | | | | | |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | বিধি মোতাবেক গাড়ীর ব্যবহার নিশ্চিতকরণ | ৩ | ১০০% | সহকারী পরিচালক(প্রশাসন) | ১০০% | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | ১০০% | | | | | .৭৫ | |
| ৩.২ডিপ্লোমা কোর্সের ভর্তির আবেদনের অনলাইন ব্যবস্থাপনা | অনলাইনে সার্বিক কার্যক্রম সম্পাদন | ৫ | বাস্তবায়িত কার্যক্রম | সহকারী পরিচালক(প্রশিক্ষণ) | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ৫০% | ৭৫% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | | | | | ১.২৫ | |
| ৩.৩ সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সের ভর্তির আবেদনের অনলাইন ব্যবস্থাপনা | অনলাইনে সার্বিক কার্যক্রম সম্পাদন | ৫ | বাস্তবায়িত কার্যক্রম | সহকারী পরিচালক(প্রশিক্ষণ) | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ৫০% | ৭৫% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | | | | | ১.২৫ | |
| ৩.৪ সকল কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল ওয়েব সাইটে প্রদান | অনলাইনে সার্বিক কার্যক্রম সম্পাদন | ৫ | বাস্তবায়িত কার্যক্রম | সহকারী পরিচালক(প্রশিক্ষণ) | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ৫০% | ৭৫% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | | | | | ১.২৫ | |


fppt.com

# চ্যালেঞ্জ

- প্রশাসনিক কর্মপ্রক্রিয়ায় অধিকতর দক্ষতা ও কার্যকারিতা;
- কর্মকর্তা/ কর্মচারীদের পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা না থাকা;
- ই-গভর্নেন্স এর অনুপস্থিতি;
- সরকারি ক্রয় ব্যবস্থাপনায় পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালার প্রয়োগ না হওয়া;


fppt.com

# স্বল্পমেয়াদি সুপারিশ

- সরকারি কর্মচারীদের জন্য যুগোপযোগী কর্ম-মুল্যায়ন পদ্ধতি এবং প্রণোদনা ব্যবস্থার প্রবর্তন


16
fppt.com

# মধ্য ও দীর্ঘমেয়াদি সুপারিশ

- কর্মকর্তা-কর্মচারীদের জন্য ‘কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা’ প্রণয়ন
- কর্মকর্তা-কর্মচারীদের কর্মকালীন প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি
- ই-গভর্নেন্স প্রবর্তন ও প্রসার

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কাঠামো

- কেন্দ্রীয় পর্যায়ে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ: নীতি নির্ধারণ ও সার্বিক নির্দেশনা
- উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি
- মন্ত্রিপরিষদ বিভাগে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট স্থাপন
- প্রত্যেক মন্ত্রণালয় এবং সাংবিধানিক ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে নৈতিকতা কমিটি গঠন
- প্রত্যেক মন্ত্রণালয়/প্রতিষ্ঠানে ফোকাল পয়েন্ট মনোনয়ন
- ফোকাল পয়েন্ট-এর সহায়তায় কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়ন পরিবীক্ষণ


fppt.com

# শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি

- জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ ও পরিষদের নির্বাহী কমিটি গঠন;
- ৫৯টি মন্ত্রণালয়/বিভাগ ও চিহ্নিত সংস্থায় নৈতিকতা কমিটি গঠন;
- মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র কর্মকর্তাদের সমন্বয়ে সভা আয়োজন;
- এনজিও, মিডিয়া এবং বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে সভা আয়োজন;
- মন্ত্রণালয়/বিভাগ ও চিহ্নিত সংস্থায় নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন;
- কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন
- ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান।


fppt.com


National
Integrity
Strategy
জাতীয় ও ব্যক্তিগত পর্যায়ে
প্রতিটি ক্ষেত্রে এনআইএস বা
জাতীয় শুদ্ধাচার কৌশলের
বাস্তবায়ন দরকার।
বাড়িতে, কর্মক্ষেত্রে কিংবা
বন্ধুমহলে- শুদ্ধাচারের



fppt.com


জাতীয় শুদ্ধাচার কৌশল
দুর্নীতিকে না বলুন!
একজন সচেতন নাগরিক হিসেবে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সহায়তা করুন!



fppt.com


জাতীয় শুদ্ধাচার কৌশল
জাতি, ধর্ম, বর্ণ, লিংগ
নির্বিশেষে শুদ্ধাচার আসুক
প্রাতিষ্ঠানিক ও ব্যাক্তিপর্যায়ে।
শুরুটা হোক
আমাদের দিয়েই!



fppt.com

পৃথিবীতে যে পরিবর্তন দেখতে চাও,
আগে নিজের মধ্যে তা নিয়ে আসো।

- মহাত্মা গান্ধী



fppt.com

# ধন্যবাদ



fppt.com